# 2024

## BENGALI

## ( Honours Core )

Paper : BEN–HC–5026

( আধুনিক বাংলা সাহিত্য : স্বাধীনোত্তর পর্ব)

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) 'পরাঙ্মুখ' শব্দের অর্থ কী ?

(খ) 'উদ্বাস্তুর ডায়েরি' কবিতায় মেখলা পরা বোন কবিকে কী দিয়েছে ?

(গ) শূন্যস্থান পূর্ণ করো :
"গাঙের গর্ভিনী সেই গন্ধ ভেসে আসে
শ্রাবণীর দিগম্বরা _____ বাতাসে।"

(ঘ) তারিণী মাঝি কোন্ নদীতে খেয়া পারাপার করে ?

(ঙ) পুঁইশাকের সঙ্গে ক্ষেন্তি কী নিয়ে বাড়ি ফিরেছিল ?

(চ) গফুরের গ্রামের নাম কী?

(ছ) কী ছদ্মনাম নিয়ে এক নতুন লেখক খালাসিদের সম্বন্ধে লেখা প্রকাশ করেছে?

(জ) হোঁৎকার আসল নাম কী?

(ঝ) 'সাজানো বাগান' নাটকে মোট কয়টি দৃশ্য রয়েছে?

(ঞ) বাঞ্ছারামের বাগানে কতটুকু জমি রয়েছে?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) "এদের সঙ্গে আমার আড়ি।" কবি কাদের কথা বলেছেন?

(খ) 'ফসিল' গল্পে মাইন সিন্ডিকেটের দুজন সদস্যের নাম লেখো।

(গ) "কী বেহদ তকলিফে জানপানি হয়ে যে কুলুম শহরে পৌঁছলাম।" বক্তা কে? 'কুলুম' শহর বলতে কোন্ শহরের কথা বলা হয়েছে?

(ঘ) ঘোষ মহাশয় দশহরার সময় পার্বণী হিসেবে তারিণী মাঝিকে কী দিতে চেয়েছিল?

(ঙ) "কতবার তো মরতে যাই! ওরা যে কিছুতে ছাড়ে না।" বক্তা কে? 'ওরা' বলতে কাদের কথা বলা হয়েছে?

৩। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :
"বাংলা আমার আই-ভাষা গো, বিশ্ব আমার ঠাঁই
প্রফুল্ল ও ভৃগু আমার খুল্লতাত ভাই।"

(খ) 'নীরার জন্য কবিতার ভূমিকা' কবিতাটির অন্তর্নিহিত তাৎপর্য বুঝিয়ে লেখো।

(গ) 'ফসিল' গল্পের মি. মুখার্জি চরিত্রটি বিশ্লেষণ করো।

(ঘ) 'মহেশ' গল্পের আমিনা চরিত্রটি আলোচনা করো।

(ঙ) "কাজের মধ্যে তোমরা এই কাজ করলে! বসে বসে পরের টাকা খেলে—বাগানের নিমগাছের হাওয়া খেলে—আর করার মধ্যে এই কম্মো!" 'সাজানো বাগান' নাটকে কে, কাকে, কোন্ প্রসঙ্গে একথা বলেছে, লেখো।

(চ) 'সাজানো বাগান' নাটকে নারীচরিত্রগুলির গুরুত্ব আলোচনা করো।

৪। (ক) 'সাকিন' কবিতার নামকরণের যথার্থতা বিচার করো। ১০

*অথবা*

(খ) 'অবনী বাড়ি আছো' কবিতার বিষয়বস্তু আলোচনা করে শক্তি চট্টোপাধ্যায়ের কাব্য-প্রতিভার পরিচয় দাও।

৫। (ক) 'পুঁইমাচা' গল্পের নামকরণ সার্থক হয়েছে কি না, বিচার করো। ১০

*অথবা*

(খ) 'হারাণের নাতজামাই' গল্পে কৃষকদের সংগঠিত আন্দোলনের যে ছবি ফুটে উঠেছে তা তোমার নিজের ভাষায় লেখো।

৬। (ক) 'সাজানো বাগান' নাটকের নকড়ি দত্তের চরিত্র আলোচনা করো। ১০

*অথবা*

(খ) ''পিতামাতার প্রতি হোঁৎকার আচরণাদি একালের বিত্তবান পরিবারের পথভ্রষ্ট যুবকদেরই মনে করায়।'' সমালোচকের এই মন্তব্যের আলোকে 'সাজানো বাগান' নাটকের হোঁৎকা চরিত্রটি বিশ্লেষণ করো।

৭। (ক) 'নোনাজল' গল্পে মেজো সারেঙ চরিত্রটির গুরুত্ব বিচার করো। ১০

*অথবা*

(খ) 'সাজানো বাগান' নাটকের নামকরণের যথার্থতা বিচার করো।

★★★